



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

ফোন : ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-১০)/২০২২-২০২৩/৪৮৬

তারিখঃ ২৬.১০.২০২২ইং

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়,
- ০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,
- ০৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়,
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক, সচিব, প্রকা, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ,
- ০৭। সকল শাখা ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২২ অনুযায়ী
২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কারের জন্য আবেদন প্রসঙ্গে।**

সূত্র : পরিকল্পনা ও পরিচালন(শানিব্যউবি)পরিপত্র নং - ১৪/২০২২ তারিখঃ ২৩.১০.২০২২খ্রিঃ

মন্ত্রিপরিষদ বিভাগ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ সময়ের প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন ও সমন্বয় সাধনপূর্বক গত ১৬ নভেম্বর, ২০২১ গেজেট আকারে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০২১ ঘোষণা করেছে। পাশাপাশি বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ ৫ সেপ্টেম্বর ২০২২ বিআরপিডি সার্কুলার লেটার নং ৩৪ এর মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২২ ঘোষণা করেছে। উপরোক্ত সংশোধনীর আলোকে সূত্রোক্ত পরিপত্রের মাধ্যমে “বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” রহিত করে “বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২২” জারী করা হয়েছে।

০২। “বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২২” এর প্রেক্ষিতে পূর্বতন “বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” অনুসরণে বিভাগীয় পর্যায়ে শুদ্ধাচার পুরস্কারের জন্য সকল মনোনয়ন বাতিল বলে গণ্য করা হবে। ২০২১ -২০২২ অর্থ বছরের জন্য নতুন করে সংশোধিত নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (শানিব্যউবি) পরিপত্র নং-১৪/২০২২ তারিখঃ ২৩.১০.২০২২খ্রিঃ) মোতাবেক সকল কর্মকর্তা/কর্মচারীগণকে স্ব স্ব ধাপ(পরিপত্রের পরিশিষ্ট দ্রষ্টব্য) অনুযায়ী নির্ধারিত ফরমে নতুন করে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০৩। নিম্নে উল্লিখিত সময়সীমা কেবলমাত্র ২০২১ -২০২২ অর্থ বছরের জন্য প্রযোজ্য হবে। পরবর্তী অর্থ বছরসমূহের জন্য পৃথকভাবে আবেদনপত্র আহ্বান আবশ্যিক হবে না, যথারীতি নীতিমালায় উল্লিখিত সময়সীমা অনুসরণ করতে হবে।


৩.১ ১০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে আবেদনকারীগণ পদবীর ক্যাটাগরীর ধাপ অনুযায়ী নির্ধারিত ছকে “আবেদনকারীর ব্যক্তিগত তথ্য” অংশ পূরণ করে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট সংশ্লিষ্ট প্রমাণকসহ দাখিল করবেন। শাখা ব্যবস্থাপকগণের জন্য নির্ধারিত ক্যাটাগরী ব্যতীত অন্য কোন পদবীর ক্যাটাগরীতে আবেদন করতে পারবেন না।

চলমান-

- ৩.২ ১৫ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নির্ধারিত সূচকের বিপরীতে মূল্যায়নসূচক নম্বর দিয়ে গোপনীয়ভাবে তার এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।
- ৩.৩ ২০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে মাঠ পর্যায়ের এক ধাপ উপরের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিজ কার্যালয়ের ফরমসহ প্রাপ্ত মূল্যায়ন ফরমসমূহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন এবং প্রধান কার্যালয়ের ক্ষেত্রে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।
- ৩.৪ বিভাগীয় কার্যালয় ২৫ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে নিজ কার্যালয়ের ফরমসহ প্রাপ্ত মূল্যায়ন ফরমে ন্যূনতম ৮০ নম্বর প্রাপ্ত ফরমসমূহ বাছাই করে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।
- ৩.৫ ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক বিকেবি শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ ঘোষণা করা হবে।


০৪। এমতাবস্থায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এপিএসহ শুদ্ধাচারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিপরীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আন্তঃব্যাপক মূল্যায়ন করে বিধায় শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব কার্যক্রম সম্পন্ন করার জন্য কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-


(কে,এম, হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, অধ্যক্ষ স্টাফ কলেজ ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।- তাকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।


(মোঃ ইয়াহিয়া ভূঁইয়া)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা